# ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর যৌথ কর্মসূচি

৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।

WWW.CPP.gov.bd

# সিটিজেন চার্টার

## ভূমিকাঃ

১৯৭০ সালের নভেম্বর মাসের মহা প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের পর তৎকালীন লীগ অব রেডক্রস বর্তমানে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেডক্রস এন্ড রেড ক্রিসেন্ট সোসাইটিজ বাংলাদেশের উপকূলীয় জনসাধারণের জানমাল রক্ষার্থে ১৯৭২ সালে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি প্রতিষ্ঠা করে।

উপকূলীয় জনসাধারণ এবং কর্মসূচীর গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশ সরকার এগিয়ে আসে এবং ১লা জুলাই ১৯৭৩ হতে কর্মসূচিটি পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করে। তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্মসূচিটি অনুমোদন করেন।

১৯৭৩ সালের ১লা জুলাই হতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর একটি যৌথ কর্মসূচি হিসেবে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে দুর্যোগ ব্যবস্থাপনায় বিশেষ করে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে সতর্ক সংকেত প্রচার, দুর্গত জনসাধারণকে আশ্রয় কেন্দ্রে নিয়ে আসা, উদ্ধার ও অনুসন্ধান, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ ও পুনর্বাসন সহায়তা ইত্যাদি ক্ষেত্রে সফলতার সাথে কাজ করে আসছে।

বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনায় ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি সারা বিশ্বে একটি "মডেল" হিসেবে স্বীকৃতি লাভ করেছে। বাংলাদেশের উপকূলীয় জনসাধারণের দুর্যোগ ব্যবস্থাপনায় ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি সফলভাবে কার্য সম্পাদনের স্বীকৃতি স্বরূপ থাইল্যান্ডস্থ " স্মিথ টুম সারক ফান্ড পুরস্কার-১৯৯৮" লাভ করে।

## ১. রূপকল্প ও অভিলক্ষ্য

### রূপকল্প(Vision)

বাংলাদেশের উপকূলীয় জনসাধারণের দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ঘূর্ণিঝড়ে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস/ কমিয়ে আনা।

### অভিলক্ষ্য(Mission)

- দুর্যোগে সাড়া প্রদানের সক্ষমতা বৃদ্ধি।
- দুর্যোগে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করা।
- সমাজ কল্যাণে ও মানবিক দৃষ্টিকোন থেকে স্বেচ্ছাসেবক দলের দক্ষতা, অভিজ্ঞতা বৃদ্ধি ও আত্মত্যাগী মনোভাব সৃষ্টি করা।
- দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম শক্তিশালী এবং উন্নয়ন করা।
- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির স্বেচ্ছাসেবক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা।
- দুর্যোগে দ্রুত সারা প্রদানের জন্য বেতার যোগাযোগ শক্তিশালী করা।
- আবহাওয়ার সতর্ক সংকেত বোধগম্য ও প্রতিষ্ঠিত করা এবং ঘূর্ণিঝড় সংকেতের সাথে সম্পৃক্ত জনসাধারণের কার্যকরী সাড়া প্রদান নিশ্চিত করা।

## ২. সেবা প্রদান প্রতিশ্রুতি

### ২.১) নাগরিক সেবা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন নম্বর ও ই-মেইল |
| ১ | ঘূর্ণিঝড়ের আগাম সতর্ক বার্তা এবং ঘূর্ণিঝড়ের সংকেত উপকূলীয় জনসাধারণের মধ্যে প্রচার করা। | মোবাইল, ফোন, ই-মেইল, ফ্যাক্স, এসএমএস, মৌখিক প্রচার, ওয়্যারলেস ম্যাসেজ এবং লিয়াজো স্বেচ্ছাসেবক প্রেরণ | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, সিপিপি প্রধান কার্যালয় | বিনামূল্যে | বঙ্গোপসাগরে নিম্নচাপ সৃষ্টি হওয়ার পর থেকে ঘূর্ণিঝড়ের শেষ পর্যন্ত। | উপজেলা পর্যায়ে কর্মরত সিপিপির কর্মকর্তা ও উপজেলা টিম লীডার |
| ২ | ঘূর্ণিঝড়জনিত দুর্যোগে আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান। | প্রাথমিক চিকিৎসা বিভাগের প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবক দ্বারা আগতদের সেবা প্রদান। | সংশ্লিষ্ট বিভাগের স্বেচ্ছাসেবকদের নিকট রক্ষিত মালামাল | বিনামূল্যে | বঙ্গোপসাগরে নিম্নচাপ সৃষ্টি হওয়ার পর থেকে ঘূর্ণিঝড়ের শেষ পর্যন্ত। | উপজেলা পর্যায়ে কর্মরত সিপিপির কর্মকর্তা ও উপজেলা টিম লীডার |
| ৩ | ঘূর্ণিঝড়জনিত দুর্যোগে ঝুঁকিপূর্ণ স্থানের জনসাধারণকে প্রশাসনের নির্দেশক্রমে উদ্ধার কার্যে সহায়তা প্রদান। | উদ্ধার বিভাগের প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবক দ্বারা সেবা প্রদান। | সংশ্লিষ্ট বিভাগের স্বেচ্ছাসেবকদের নিকট রক্ষিত মালামাল | বিনামূল্যে | বঙ্গোপসাগরে নিম্নচাপ সৃষ্টি হওয়ার পর থেকে ঘূর্ণিঝড়ের শেষ পর্যন্ত। | উপজেলা পর্যায়ে কর্মরত সিপিপির কর্মকর্তা ও উপজেলা টিম লীডার |
| ৪ | ঘূর্ণিঝড়জনিত দুর্যোগে জনসাধারণকে নিরাপদ আশ্রয় কেন্দ্রে নিয়ে যাওয়া। | আশ্রয় বিভাগের প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকের মাধ্যমে | সংশ্লিষ্ট বিভাগের স্বেচ্ছাসেবকদের নিকট রক্ষিত মালামাল | বিনামূল্যে | বঙ্গোপসাগরে নিম্নচাপ সৃষ্টি হওয়ার পর থেকে ঘূর্ণিঝড়ের শেষ পর্যন্ত। | উপজেলা পর্যায়ে কর্মরত সিপিপির কর্মকর্তা ও উপজেলা টিম লীডার |
| ৫ | ঘূর্ণিঝড় বিষয়ে উপকূলীয় জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা | উপজেলা কর্মকর্তার মাধ্যমে মাঠ মহড়া আয়োজনের মাধ্যমে | উপজেলা কর্মকর্তা | বিনামূল্যে | ঘূর্ণিঝড় মৌসুমের পূর্বে | উপজেলা পর্যায়ে কর্মরত সিপিপির কর্মকর্তা ও উপজেলা টিম লীডার |

### ২.২ প্রাতিষ্ঠানিক সেবা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন নম্বর ও ই-মেইল |
| ১ | স্বেচ্ছাসেবকের মধ্যে সাংকেতিক যন্ত্রপাতি এবং স্বেচ্ছাসেবক গিয়ার সরবরাহ | সরকারি অথবা বিভিন্ন দাতা সংস্থার অর্থায়নে সরবরাহকৃত স্বেচ্ছাসেবক গিয়ার স্বেচ্ছাসেবকদের পদ অনুযায়ী সরবরাহ করতে হবে। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় এবং রক্ষিত স্বেচ্ছাসেবক রেজিষ্টার অনুযায়ী | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন), পরিচালক (অপারেশন) ও মাঠ পর্যয়ের সকল উপ-পরিচালকবৃন্দ<br>ফোনঃ ৯৩৫৩৬২৫<br>ই-মেইলঃ<br>info@cpp.gov.bd |
| ২ | স্বেচ্ছাসেবকদের ডাটাবেইজ তৈরী এবং পরিচয় পত্র প্রদান | ফোন, ই-মেইল, এসএমএস এর মাধ্যমে | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় এবং রক্ষিত স্বেচ্ছাসেবক রেজিষ্টার অনুযায়ী | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | সংশ্লিষ্ট জোনের উপ-পরিচালকবৃন্দ |
| ৩ | কর্মকর্তা ও কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনয়নের মাধ্যমে | বিদ্যমান কর্মকর্তা ও কর্মচারী। | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন)<br>ফোনঃ ৯৩৫৩৮১৬, ৯৩৫৩৬২৫ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন নম্বর ও ই-মেইল |
| | | | | | | ই-মেইলঃ info@cpp.gov.bd |
| ৪ | প্রশিক্ষক প্রশিক্ষণ ( TOT) | প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে | সিপিপি প্রধান কার্যালয় | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন) ফোনঃ ৯৩৫৩৮১৬, ৯৩৫৩৬২৫ ই-মেইলঃ info@cpp.gov.bd |
| ৫ | স্বেচ্ছাসেবকদের বার্ষিক সম্মেলন এর আয়োজন | সুষ্ঠু নীতি নির্ধারণ এবং বার্ষিক কর্ম পরিকল্পনার মাধ্যমে | সিপিপি প্রধান কার্যালয় | বিনামূল্যে | বৎসরে ২ বার | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন) ফোনঃ ৯৩৫৩৮১৬, ৯৩৫৩৬২৫ ই-মেইলঃ info@cpp.gov.bd |
| ৬ | কর্মকর্তা/কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের দেশে ও বিদেশে দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণে প্রেরণ এবং বিভিন্ন সভা সেমিনারে অংশগ্রহণ এর ব্যবস্থা করন। | সচেতনতা এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে | সিপিপি প্রধান কার্যালয় | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন) ফোনঃ ৯৩৫৩৮১৬ ই-মেইলঃ info@cpp.gov.bd |
| ৭ | দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালায় অংশগ্রহণ | দক্ষতা বৃদ্ধির মাধ্যমে | সিপিপি প্রধান কার্যালয় | বিনামূল্যে | পত্রের নির্দেশনা অনুযায়ী | পরিচালক(প্রশাসন) |
| ৮ | দুর্যোগ বিষয়ক র‍্যালীর আয়োজন | সচেতনতা বৃদ্ধির মাধ্যমে | উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ১৫ দিন | উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ |
| ৯ | স্বেচ্ছাসেবকের ২ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন বিষয়ক (দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা, অনুসন্ধান-উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প) প্রশিক্ষণ | দক্ষতা অর্জনের মাধ্যমে | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন) ফোনঃ ৯৩৫৩৮১৬ ই-মেইলঃ info@cpp.gov.bd |

## ২.৩ অভ্যন্তরীন সেবা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন নম্বর ও ই-মেইল |
| ১ | কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত , মেডিকেল, শ্রান্তিবিনোদন, বহিঃ বাংলাদেশ ও মাতৃকালীন ছুটি | সরকারী আদেশ জারির মাধ্যমে এবং সরকারি বিধি মোতাবেক | আবেদন পত্র ও ছুটির হিসাব সংক্রান্ত প্রত্যায়ন | বিনা মূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন/ অপারেশন) উপ-পরিচালক (প্রশাসন/অপারেশন) ও সহকারী পরিচালক (প্রশাসন) ফোনঃ ৯৩৫৩৮১৬, ৯৩৫৩৬২৫ ই-মেইলঃ info@cpp.gov.bd |
| ২ | কর্মকর্তা ও কর্মচারীদের অবসরজনিত কারণে প্রাপ্য আনুতোষিক, ছুটির বিপরীতে নগদায়ন প্রদান | | চাকুরি বিবরনী, প্রত্যাশিত শেষ বেতন প্রত্যায়ন পত্র, সরকারি নির্ধারিত ফরম আবেদন, সত্যায়িত ছবি, বৈধ উত্তরাধিকারী ঘোষনা পত্র, না দাবী প্রত্যায়ন পত্র | | চলমান প্রক্রিয়া | |
| ৩ | কর্মকর্তা ও কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে গৃহ নির্মান, ছেলে মেয়েদের লেখপড়া, চিকিৎসা সংক্রান্ত বিষয়ে ঋনের ব্যবস্থাকরন | | নির্ধারিত ফরমে আবেদন ও ভবিষ্য তহবিলের জমার হিসাব। | | চলমান প্রক্রিয়া | |

## ২.৪ অভ্যন্তরীন শাখা/দপ্তরের সেবা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন নম্বর ও ই-মেইল |
| ১ | প্রশাসন শাখা, রিপোটিং শাখা, হিসাব শাখা, রেডিও ওয়ার্কসপ, কম্পিউটার শাখা , যানবাহন শাখা ও কন্ট্রোলরুম ইত্যাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী দের কর্মবন্টন অনুযায়ী দায়িত্ব পালন। | পত্রের চাহিদা অনুযায়ী নথিভূক্তকরণ, পত্র তৈরী, সরকারি বিধি বিধান অনুসরণ করতঃ কার্য সম্পাদন করা। | সংশ্লিষ্ট শাখা/ বিভাগে | বিনামূল্যে | চলমান প্রক্রিয়া | পরিচালক (প্রশাসন/ অপারেশন), উপ-পরিচালক (প্রশাঃ/অপাঃ), সহকারী পরিচালক (প্রশাসন), কন্ট্রোল রুম অফিসার, হিসাব রক্ষণ কর্মকর্তা, বেতার প্রকৌশলী ফোনঃ৯৩৫৩৮১৬, ৯৩৫৩৬২৫ ই-মেইলঃ info@cpp.gov.bd |

## ৩। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করুন।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কোথায় যোগাযোগ করবেন | নিস্পত্তির সময়সীমা | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট জেলা/উপজেলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ১৫ দিন | পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ৯৩৫৩৮১৬<br>ই-মেইলঃ info@cpp.gov.bd<br>Web Portal: www.cpp.gov.bd |

## ৪। আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুত/ কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১। | আবেদনের মাধ্যমে যে কোন তথ্য পেতে পারেন। |
| ২। | সর্বশেষ দুর্যোগ তথ্য সম্পর্কে জানুন, প্রস্তুতি নিন। উপযুক্ত প্রস্তুতি নিয়ে দুর্যোগে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি কমান। |